

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd



নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫১৮


তারিখঃ ০৭-১১-২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডিজেলের মূল্য বৃদ্ধিজনিত কারণে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীসহ আস্তঃজেলা ও দূরপাল্লা রুটে চলাচলকারী ডিজেল চালিত বাস ও মিনিবাসের ভাড়া পুনঃনির্ধারণ।

সূত্রঃ এ বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫১৭, তারিখঃ ০৭-১১-২০২১

উপর্যুক্ত বিষয়ে ডিজেলের মূল্য বৃদ্ধিজনিত কারণে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীসহ আস্তঃজেলা ও দূরপাল্লা রুটে চলাচলকারী ডিজেল চালিত বাস ও মিনিবাসের ভাড়া পুনঃনির্ধারণ সংক্রান্ত সূত্রস্থ স্মারকের প্রজ্ঞাপনটি গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। প্রকাশিত গেজেটের ১০০ কপি প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১(এক) পাতা


০৭/১১/২০২১
(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

উপপরিচালক

ফরম ও প্রকাশনা পরিদপ্তর, তেজগাঁও, ঢাকা

অনুলিপিঃ

- ০১। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
- ০২। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
- ০৩। চেয়ারম্যান, বিআরটিসি, রাজউক এভিনিউ, ঢাকা
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। অতিরিক্ত সচিব (এস্টেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/ ০৭ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫১৭ সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪ এর ২ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার ডিজেলের মূল্য বৃদ্ধিজনিত কারণে ডিজেল চালিত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করলঃ

(ক) আস্তঃজেলা ও দূরপাল্লার রুটে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৩ মে ২০১৬ খ্রি: তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৬৩ নং প্রজ্ঞাপনে উল্লেখিত প্রতি যাত্রী প্রতি কিলোমিটার সর্বোচ্চ ভাড়া ১.৪২ টাকার স্থলে ১.৮০ টাকা;

(খ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রি: তারিখের ৩৫.০২০.০০৬.০০.০০.০১৯.২০১৩-৪১৭ নং প্রজ্ঞাপনে উল্লেখিত প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ভাড়া যথাক্রমে ১.৭০ টাকার স্থলে ২.১৫ টাকা ও ১.৬০ টাকার স্থলে ২.০৫ টাকা। বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়া যথাক্রমে ৭ টাকার স্থলে ১০ টাকা ও ৫ টাকার স্থলে ৮ টাকা;

(গ) ঢাকা টাস্পপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে ভাড়া প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.৬০ টাকার স্থলে ২.০৫ টাকা;

(ঘ) প্রস্তুতকারক/বিআরটিএ কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা কমিয়ে আরামদায়ক ভ্রমণের জন্য বাস/মিনিবাসের আসন সংখ্যা পুনর্বিন্যাস করা হলে উপরিউক্ত অনুচ্ছেদ-ক অনুযায়ী আনুপাতিকভাবে ভাড়ার হার নির্ধারিত হবে। সেক্ষেত্রে রুট পারমিট অনুমোদনকারী কর্তৃপক্ষ (বিআরটিএ/যাত্রী ও পণ্য পরিবহন কমিটি) হতে আনুপাতিকভাবে ভাড়ার হার অনুমোদন করিয়ে নিতে হবে।

০২। এ ভাড়া বৃদ্ধি গ্যাস, অকটেন ও পেট্রোল চালিত যানবাহনের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

০৩। ডিজেল চালিত বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ সংক্রান্ত ইতঃপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ ভাড়ার হার ০৮ নভেম্বর ২০২১ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



০৭/১১/২০২১

(মোঃ জাসিম উদ্দিন)

সহকারী সচিব